



মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি  
গুলফেশা প্রাজা (৭ম তলা)  
৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক  
বড় মগবাজার, রমনা  
ঢাকা- ১২১৭।

সূত্র নং-এমআরএ/সার্কুলার লেটার নং-রেগু-২২

তারিখঃ ২৮ ফাল্গুন ১৪২০ বাংলা  
১২ মার্চ ২০১৪ ইংরেজী

প্রধান নির্বাহী কর্মকর্তা  
সকল সদস্যপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

শুদ্ধাচার কৌশল প্রণয়ন প্রসঙ্গে।

আপনারা নিশ্চয়ই অবগত আছেন যে, আইনের প্রয়োগ ও বিভিন্ন বিধি-বিধান আরোপের মাধ্যমে দুর্নীতি দমন ও সুশাসন প্রতিষ্ঠা করা কষ্টসাধ্য বিষয় রাষ্ট্র ও সমাজের সকল স্তরে সমন্বিত উদ্যোগ গ্রহণের নিমিত্তে সরকার কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) প্রণয়ন করা হয়েছে। উক্ত জাতীয় শুদ্ধাচার কৌশলে সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের পাশাপাশি ক্ষুদ্রঋণ প্রদানকারী প্রতিষ্ঠানসমূহেও আইনের শাসন ও বিধি-বিধানের সুষ্ঠু প্রয়োগ, সংস্কার ও উন্নয়ন, সক্ষমতা বৃদ্ধি এবং সর্বোপরি এসব প্রতিষ্ঠানে নিয়োজিত সংশ্লিষ্ট সকলের শুদ্ধাচার প্রতিষ্ঠার কার্যক্রম চিহ্নিত করা হয়েছে। এতদ্বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের নির্দেশনা অনুযায়ী অত্র অথরিটি কর্তৃক সদস্যপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহের জন্য বিধি-বিধান ও নৈতিকতার আলোকে শুদ্ধাচার বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোল্লিখিত নীতিমালা প্রণয়ন করা হয়েছে :-

- ১) প্রত্যেক প্রতিষ্ঠান কর্তৃক শুদ্ধাচার কমিটি গঠন ও ফোকাল পয়েন্ট নির্ধারণপূর্বক অথরিটিকে অবহিতকরণ;
- ২) প্রতিষ্ঠানসমূহে গ্রাহক কমপ্লায়েন্স ইউনিট স্থাপন;
- ৩) অথরিটির আইন ও বিধি যথাযথভাবে পরিপালন;
- ৪) শুদ্ধাচার বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের অবহিতকরণ ও কমিটিমেন্ট গ্রহণ;
- ৫) ত্রৈমাসিক ভিত্তিতে কর্মকর্তা/কর্মচারীদের সাথে শুদ্ধাচার বিষয়ে সভার আয়োজন;
- ৬) সচেতনতা বৃদ্ধির মাধ্যমে কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত, পারিবারিক ও সার্বিক জীবনে শুদ্ধাচার চর্চায় অভ্যস্তকরণ;
- ৭) প্রনোদনা প্রদান ও Motivation-এর মাধ্যমে কর্মকর্তা/কর্মচারীদের সং, সময়ানুবর্তি ও নিয়মানুবর্তি হতে উৎসাহিতকরণ;
- ৮) কর্মকর্তা/কর্মচারীদের পরস্পরের সাথে Knowledge Sharing এর ব্যবস্থা গ্রহণ;
- ৯) Performance Based Management নিশ্চিতকরণ;
- ১০) চাকুরী-বিধির যথাযথ প্রয়োগ নিশ্চিতকরণ;
- ১১) সকল পর্যায়ে ন্যায়াবিচার নিশ্চিতকরণ;
- ১২) শুদ্ধাচার ও নৈতিকতা পরিপন্থী কার্যক্রমের জন্য শাস্তির বিধান নিশ্চিতকরণ।

সংশ্লিষ্ট সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানকে এখন থেকে উপরোক্ত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে পরিপালন করার পরামর্শ দেয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মনোজ কুমার বিশ্বাস)

পরিচালক

ফোন ৪ ৮৩৩৩৬৩৬

তারিখঃ এ

অনুলিপি নং- এমআরএ/রেগুলেশন-৯(৪)/২০১৪-৬৭৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

১. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা।
২. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
৩. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৪. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, ঢাকা।
৬. নির্বাহী পরিচালক, সিডিএফ, ঢাকা।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ ইয়াকুব হোসেন)

উপ-পরিচালক

ফোন: ৮৩১৫৭৯৯